# FiCTION: বাচ্চাদের দাঁতের ছিদ্র ভর্তি করা: এটার সুপারিশ করা হয় কি না?

## বাচ্চাদের দাঁতের যত্ন নেওয়ার সেরা উপায় সম্বন্ধে একটি অধ্যয়ন

### মা-বাবার তথ্য পত্র

আমরা আপনাকে এবং আপনার সন্তানকে একটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রকল্পে অংশ নিতে আমন্ত্রণ জানাচ্ছি। অংশগ্রহণ করবেন কি না সেই সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের এই ব্যাপারে নিশ্চিত হওয়া প্রয়োজন যে আমরা এটা কেন করছি এবং এর সাথে কী কী বিষয় যুক্ত আছে তা আপনি বোঝেন, তাই আমরা আপনাকে নিচের তথ্যাবলী দিচ্ছি। এটা যত্নসহকারে পড়ুন আর আপনার আত্মীয় ও বন্ধুদের সাথে নির্দ্বিধায় এই ব্যাপারে আলোচনা করুন। আপনাকে এখনই কোনো সিদ্ধান্ত নিতে হবে না। আপনার সন্তানের জন্য একটা আলাদা তথ্য পত্রও আছে, যাতে আপনারা একসাথে অংশগ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন।

### *এই অধ্যয়নটি কোন বিষয়ে করা হচ্ছে?*

বাচ্চাদের ক্ষয়ে যাওয়া (খারাপ হয়ে যাওয়া) দাঁতগুলোকে কীভাবে যত্ন করতে হবে, এই অধ্যয়নটি সেই সম্বন্ধীয়। বাচ্চাদের যে সব দুধের দাঁত ক্ষয়ে যায়, ডেন্টিস্ট বা দাঁতের চিকিৎসকরা প্রায়শই সেগুলোয় ছিদ্র করার পরে সেগুলোকে ভর্তি করে দেন। তবে ক্ষয়ে যাওয়া দাঁতের যত্ন নেওয়ার জন্য এটাই তাদের একমাত্র উপায় নয়। ডেন্টিস্টরা যে তিনটি ভিন্ন উপায়ে ক্ষয়ে যাওয়া দাঁতের যত্ন নিতে পারেন, তার মধ্যে কোনটা সবচেয়ে ভালভাবে কাজ করে তা জানার জন্য এই অধ্যয়নটি সেগুলোর মধ্যে তুলনা করে ডেন্টিস্টরা ইতিমধ্যেই এই পদ্ধতিগুলি ব্যবহার করেন, কিন্তু এগুলোর মধ্যে কোনটা বাচ্চাদের জন্য সেরা তা জানার জন্য কেউ কোনও অধ্যয়ন করেন নি

### *এই তিনটি চিকিৎসা পদ্ধতি কি কি?*

আমরা যে তিনটি চিকিৎসা পদ্ধতির সম্বন্ধে অধ্যয়ন করছি সেগুলো হল:-

1. **দাঁত ক্ষয়ে যাওয়ার পরম্পরাগত ব্যবস্থাপনা, প্রতিরোধ সহ**
   এটা সাধারণভাবে 'ড্রিল অ্যান্ড ফিল' পদ্ধতি নামে পরিচিত।

2. **দাঁত ক্ষয়ে যাওয়ার জীবনবিজ্ঞানসম্মত ব্যবস্থাপনা, প্রতিরোধ সহ**
   ক্ষয়ে যাওয়া অংশকে মুখের মধ্যে দিয়ে একটি ফিলিং বা ধাতুর ক্রাউনের সাহায্যে সীল করে দেওয়া হয়: কোনো ইঞ্জেকশন প্রয়োজন নেই।

3. **কোনো ফিলিং ছাড়া, শুধুমাত্র প্রতিরোধ**

   দাঁত ক্ষয়ে যাওয়ার গতিকে মন্থর করে দেওয়া সম্ভব এবং ফিলিং ব্যবহার করা ছাড়াই, ক্ষয়ে যাওয়া দাঁতের অবস্থার আরও অবনতি হওয়া বন্ধ করা যায়। আমরা যে উপায়ে দাঁতের ক্ষয়ের অবস্থার

অবনতি হওয়া বন্ধ করতে পারি তার মধ্যে অন্তর্ভুক্ত হল নিয়মিত দাঁত মাজা; এবং আমরা কী ধরনের খাবার খাই এবং কোন সময়ে খাই তার পরিবর্তন করা। এছাড়াও ডেন্টিস্টরা দাঁতের উপরে একটা ফ্লোরাইড ভার্নিশ (fluoride varnish) রঙ করে দিতে পারেন অথবা একটা সুরক্ষামূলক প্রলেপ লাগাতে পারেন এবং 10 বছরের বেশি বয়সের বাচ্চাদের বেশি ফ্লোরাইডযুক্ত দাঁতের মাজন ব্যবহারের পরামর্শ দেওয়া হতে পারে।

## আমার বাচ্চাকে তিনটি চিকিৎসা পদ্ধতির মধ্যে কোনটি দেওয়া হবে, তা আমি কি বেছে নিতে পারি?

আপনার বাচ্চাকে চিকিৎসা পদ্ধতিগুলির মধ্যে কোনটি দেওয়া হবে তা আপনার বা আপনার ডেন্টিস্টের পক্ষে বেছে নেওয়া সম্ভব নয় কারণ আমাদের এই আলাদা পদ্ধতিগুলিকে সমানভাবে তুলনা করতে হবে। আমরা ব্যক্তিদের **এলোপাথাড়িভাবে** বিভিন্ন দলের অন্তর্ভুক্ত ক'রে এটা করি। তাই অংশগ্রহণকারী প্রত্যেক ব্যক্তির তিনটি পদ্ধতির মধ্যে যে কোনো একটি পাওয়ার সমান সম্ভাবনা আছে। এলোপাথাড়িভাবে ব্যবহৃত চিকিৎসা পদ্ধতি নির্বাচনের জন্য আমরা একটি কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করি।

### *আপনারা আমার সন্তানকে অংশ নিতে বলেছেন কেন?*

আমরা 3-7 বছর বয়সের সেই সব বাচ্চাদের মা-বাবাকে এই তথ্য পাঠাচ্ছি, যারা কিছু দিনের মধ্যেই ডেন্টিস্টকে দিয়ে দাঁত পরীক্ষা করাবে।

### *আমাদের কি অংশ নিতেই হবে?*

না, অংশ নেবেন কি না সেই সিদ্ধান্ত নেওয়া পুরোপুরি আপনার ও আপনার সন্তানের উপরে নির্ভরশীল, এবং ভবিষ্যতেও আপনার সন্তান সেরা সম্ভাব্য পরিচর্যা পেতে থাকবে।

আপনি ও আপনার সন্তান যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনাদের একটা সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে। আপনার অনুমতি নিয়ে, আপনার সন্তানকে জিজ্ঞাসা করা হবে যে সে অংশ নিতে চায় কি না। আপনারা যদি পরে মত পরিবর্তন করেন, তাহলে কেউ কিছু মনে করবে না। আপনি যদি আপনার সন্তানকে অধ্যয়ন থেকে বের করে আনতে চান, তাহলে আপনার কাছে **দুটি** বিকল্প থাকবে। আপনি (i) সম্পূর্ণরূপে প্রত্যাহার করতে পারেন, অথবা (ii) আপনি চাইলে চিকিৎসা পদ্ধতি পরিবর্তন করতে পারেন।

আপনি আপনার ডেন্টিস্ট বা গবেষণাকারী দলের সঙ্গে যোগাযোগ ক'রে যে কোনো সময়ে অধ্যয়ন থেকে প্রত্যাহার করতে পারেন (এই নথির শেষে যোগাযোগের বিশদ বিবরণ দেওয়া আছে)। তারপরে আপনার ডেন্টিস্টের সঙ্গে পরিকল্পনা অনুসারে আপনি দাঁতের চিকিৎসা চালিয়ে যাবেন। আপনি যতক্ষণ বিধিসম্মতভাবে আপনার সম্মতি প্রত্যাহার করার মাধ্যমে আমাদের বিশেষভাবে এটা না করতে বলবেন, আমরা সেই মুহূর্ত পর্যন্ত সংগ্রহ করা আপনার সম্বন্ধীয় তথ্যাবলী সঞ্চয় করব। আপনি

যদি সম্মতি প্রত্যাহার করার সিদ্ধান্ত নেন, তাহলে আমরা আমাদের কাছে রক্ষিত সমস্ত তথ্য নষ্ট করে দেব এবং আপনার কাছ থেকে যে সব পরিচয়বিহীন তথ্য সংগ্রহ করা হয়েছিল সেগুলোকে তারপর থেকে এই অধ্যয়নের অংশ হিসাবে আমাদের দ্বারা করা বিশ্লেষণগুলোতে অন্তর্ভুক্ত করা হবে না।

## কি হবে যদি আমি যদি আমার সন্তানকে অংশগ্রহণ করতে দিতে রাজি হই ?

আপনাকে আপনার স্বাক্ষর করা সম্মতি ফর্ম এবং এই তথ্য পত্রের একটা কপি রেখে দেওয়ার জন্য দেওয়া হবে।

প্রথম অ্যাপয়েন্টমেন্টে আপনাকে এবং আপনার সন্তানকে একটা সংক্ষিপ্ত প্রশ্নমালা দেওয়া হবে এবং পরবর্তী একটা অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে। তারপরে এলোপাথাড়িভাবে চিকিৎসা পদ্ধতি (উপরে বর্ণিত) বেছে নেওয়া হবে, এবং তারপরে আপনার ডেন্টিস্ট এই উপায়ে প্রায় 3 বছর ধরে তার দাঁতের দেখাশোনা করবেন। আপনার সন্তান যতবার ডেন্টিস্টের সাথে দেখা করবে, প্রতিবারই তাকে একটা সংক্ষিপ্ত প্রশ্নমালা পূরণ করতে দেওয়া হবে। অধ্যয়নের শুরুতে এবং তারপরে প্রতি বছর আমরা আপনার সন্তান এবং তার দাঁতের সম্বন্ধে আপনাকে কিছু প্রশ্নমালা পূরণ করতে বলব। যদি ইংরেজী আপনার মাতৃভাষা না হয়, তাহলে আপনার সঙ্গে একজন বন্ধু বা আত্মীয়কে আপনি ডেন্টিস্টের কাছে নিয়ে যেতে পারেন।

## *অধ্যয়নের শেষে কী হবে?*

অধ্যয়নের শেষে, আপনার ডেন্টিস্টের দ্বারা আপনার দাঁতের স্বাভাবিক চিকিৎসা আবার শুরু করা হবে। যদি দেখা যায় যে অধ্যয়নের কোনও একটি চিকিৎসা স্ট্যান্ডার্ড চিকিৎসার চেয়ে বেশি ভাল, তাহলে আপনার ডেন্টিস্ট আপনাকে সেই বিষয়ে জানাবেন যাতে আপনি চিকিৎসা পরিবর্তনের সম্বন্ধে আলোচনা করতে পারেন।

## *অংশগ্রহণের কোনও ঝুঁকি আছে কি?*

আমরা এই অধ্যয়নে যে চিকিৎসাপদ্ধতিগুলোর পরীক্ষা করছি তার কোনোটাই নতুন নয়। এই সবগুলোই নিরাপদ এবং অনেক ডেন্টিস্ট ইতিমধ্যেই এগুলো ব্যবহার করছেন। যে কোনও দাঁতের চিকিৎসার মতই, যদি কোনও যন্ত্রণা বা অস্বস্তি থাকে, তাহলে আপনার ডেন্টিস্টের সঙ্গে কথা বলা উচিত।

## *পরীক্ষার ফলাফলগুলোর কী হবে?*

অধ্যয়নের সমস্ত তথ্যই পরিচয়বিহীন - অর্থাৎ আপনার ও আপনার সন্তানের ব্যক্তিগত বিবরণ দেখা যায় না।

পরীক্ষার ফলাফলগুলো একটি রিপোর্টের অন্তর্ভুক্ত করা হবে যা আমরা এই অধ্যয়নের অর্থ প্রদানকারী সংস্থা; ন্যাশনাল ইনস্টিটিউট ফর হেলথ রিসার্চ হেলথ টেকনোলজি অ্যাসেসমেন্ট (NIHR HTA) কর্মসূচি (http://www.ncchta.org) -এর কাছে ফেরত পাঠাব।

অধ্যয়ন সমাপ্ত হওয়ার পরে আপনি অধ্যয়নকারী দলের সঙ্গে যোগাযোগ ক'রে অথবা অধ্যয়নের ওয়েবসাইট: www.fictiontrial.info থেকে অধ্যয়নের ফলাফলগুলো জানতে পারেন।

### *অন্য কেউ কি জানতে পারবে যে আমার সন্তান এই অধ্যয়নে অংশ নিচ্ছে?*

আমরা আপনার এবং আপনার সন্তানের বিবরণ এবং অধ্যয়ন সংক্রান্ত তথ্য গোপন রাখব। শুধুমাত্র গবেষকরা এবং আপনাদের নিদানিক পরিচর্যার সাথে যুক্ত ব্যক্তিরা জানবেন যে আপনারা অধ্যয়নে অংশ নিচ্ছেন।

### *আমার GP–কে কি জানানো হবে যে আমি অধ্যয়নে অংশ নিচ্ছি?*

হ্যাঁ, আপনি রাজি হলে আমরা আপনার GP-কে দেওয়ার জন্য আপনাকে একটা চিঠি দেব যেখানে অধ্যয়নের সম্বন্ধে ব্যাখ্যা করা হবে।

### *কারা এই অধ্যয়ন পরিচালনা করছে এবং এর জন্য অর্থ জোগাচ্ছে?*

NIHR হেলথ টেকনোলজি অ্যাসেসমেন্ট (HTA) কর্মসূচি (http://www.ncchta.org) এই অধ্যয়নের জন্য অর্থ প্রদান করেছে।

### *কোনও ভুলত্রুটি হলে কী হবে?*

আপনার সন্তানের ক্ষতি হওয়ার সম্ভাবনা খুবই কম। কোনও ভুলত্রুটি হওয়ার অত্যন্ত বিরল ঘটনার ক্ষেত্রে কোনও বিশেষ ক্ষতিপূরণের ব্যবস্থা নেই, তবে আপনার একটা অভিযোগ জানানোর এবং তার ফলস্বরূপ ডান্ডী বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে যে কোন সংশ্লিষ্ট ক্ষতিপূরণ চাওয়ার অধিকার থাকবে।

### *কারা এই অধ্যয়ন পুনরীক্ষণ করেছেন?*

টেসাইড-এ বসবাসকারী মানুষের উপরে চিকিৎসা গবেষণার সমস্ত প্রস্তাবের নিরীক্ষা করার জন্য ইস্ট অফ স্কটল্যান্ড রিসার্চ এথিক্স কমিটি REC 2 দায়িত্বশীল, এবং তারা এই প্রস্তাব পরীক্ষা করেছে এবং চিকিৎসাগত নৈতিকতার দৃষ্টিভঙ্গি থেকে কোনো আপত্তি প্রকাশ করে নি। এই গবেষণায় আপনার রেকর্ডগুলোর পাশাপাশি অন্য যে কোনো প্রাসঙ্গিক রেকর্ডগুলোকে NHS টেসাইড এবং অন্য অংশগ্রহণকারী NHS ট্রাস্টগুলোর পর্যবেক্ষকদের দ্বারা পরীক্ষা করানোর জন্য উপলব্ধ করানো একটা আবশ্যক প্রয়োজনীয়তা, যাদের ভূমিকা হল যে গবেষণাটি যথাযথভাবে পরিচালিত হয়েছে এবং এতে অংশগ্রহণকারীদের স্বার্থ পর্যাপ্তভাবে সুরক্ষিত হয়েছে তা যাচাই করা।

### *আমার আরো কোনো প্রশ্ন থাকলে কি হবে?*

আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি আপনার ডেন্টিস্টের সঙ্গে দেখা করার সময়ে তার সঙ্গে কথা বলতে পারেন, অথবা জ্যান ক্লার্কসন (Jan Clarkson) এর সঙ্গে সরাসরি 01382 635963 নম্বরে কথা বলতে পারেন।

এই তথ্য পত্রটি পড়া এবং এই অধ্যয়নে অংশগ্রহণের সম্বন্ধে বিবেচনা করার জন্য সময় দেওয়ার কারণে আপনাকে ধন্যবাদ জানাই।